# `ytLwe jvm

হৃদয়ের সম্পর্কহীন কিছু সম্পর্ক টিকে থাকে শুধু দায়িত্ববোধ আর সামাজিকতার কারণে। যে জীবন হওয়ার কথা ছিলো মধুর, আনন্দময় এবং প্রেম-ভালোবাসায় পরিপূর্ণ সে জীবন হয়ে ওঠে দায়িত্ববোধ আর সামাজিকতার নিষ্ঠুর শিকল। সুন্দর, লাবণ্যময়, সদা হাস্যোজ্জ্বল মুখের আড়ালে লুকিয়ে থাকা জলজ্যান্ত হৃদয়টা বেঁচে থাকে জীবন্ত লাশ হয়ে...

বন্ধন এবং বিচ্ছেদ দু'টোই জীবনের অংশ। সম্পর্ক যখন মধুর এবং আনন্দদায়ক হয়, যতক্ষণ সম্পর্কের মধ্যে সম্মান, শ্রদ্ধা ও ভালোবাসা থাকে ততক্ষণ বন্ধনই শ্রেয় কিন্তু সম্পর্ক যখন সম্মান, শ্রদ্ধা ও ভালোবাসা হারায়, মধুর সম্পর্ক যখন বেদনা ও যন্ত্রণাদায়ক হয়, সম্পর্ক যখন সহিংস হয় তখন তো বন্ধনের চেয়ে বিচ্ছেদই শ্রেয় কিন্তু সমাজের চিরাচরিত ধারণা অন্যরকম। কোনো নারী-পুরুষ একবার বিবাহ বন্ধনে আবদ্ধ হলে তাদের জীবন যত যন্ত্রণাদায়কই হোক না কেনো এক সাথে, একই ছাদের নিচে আজীবন শৃঙ্খলিত থাকাই সমাজের নিষ্ঠুর নিয়ম।

যন্ত্রণাময় দাম্পত্য, নিষ্ঠুর সামাজিকতা আর আইনের শিকলে বন্দী দুই নারী-পুরুষকে নিয়ে লেখা উপন্যাস, দুঃখবিলাস।